



চট্টগ্রাম বন্দরে অনির্দিষ্টকালীন ধর্মঘট, বন্দরের সব কাজ বন্ধের শঙ্কা



চট্টগ্রাম বন্দর। ছবি: সংগৃহীত

চট্টগ্রাম বন্দরে দুই দিনের কর্মবিরতির পরে রোববার (৮ ফেব্রুয়ারি) সকাল ৮টা থেকে আন্দোলনকারীরা অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ঘোষণা দিয়েছে। এবারের কর্মসূচিতে বন্দরের বহিনোঙেরও কাজ বন্ধ থাকবে। কর্মসূচি কার্যকর হলে পুরো বন্দর কার্যত অচল হয়ে পড়ার সম্ভাবনা রয়েছে।

শনিবার (৭ ফেব্রুয়ারি) বন্দর সূত্রে এই তথ্য জানা গেছে। একই দিন চট্টগ্রাম প্রেস ক্লাবে বন্দর রক্ষা সংগ্রাম পরিষদের নেতা হুমায়ন কবীর লিখিত বক্তব্যে বিভিন্ন দাবি তুলে ধরেন। এরপর সমন্বয়ক ইব্রাহীম খোকন নতুন কর্মসূচি ঘোষণা করেন।

চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) পরিচালনার দায়িত্ব বিদেশি অপারেটর ডিপি ওয়ার্ল্ডকে ইজারা দেওয়া বাতিলসহ চার দফা দাবিতে এই ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে। দাবির মধ্যে রয়েছে— এনসিটি ডিপি ওয়ার্ল্ডকে লিজ না দেওয়ার সরকার ঘোষণার নিশ্চয়তা, বন্দর চেয়ারম্যানকে প্রত্যাহার করে আইনের আওতায় এনে জিজ্ঞাসাবাদ, আন্দোলনরত কর্মচারীদের বিরুদ্ধে নেওয়া শাস্তিমূলক ব্যবস্থা বাতিল এবং আন্দোলনকারীদের বিরুদ্ধে কোনো আইনি ব্যবস্থা না নেওয়া।

ইব্রাহীম খোকন বলেন, নৌ-পরিবহন উপদেষ্টা এম সাখাওয়াত হোসেন বৃহস্পতিবারের বৈঠকে আমাদের দাবি পূরণের আশ্বাস দিয়েছেন, কিন্তু এখনো কোনো বাস্তব উদ্যোগ নেওয়া হয়নি। বন্দর চেয়ারম্যান পরিস্থিতি অস্থিতিশীল করে নির্বাচনের পথ বাঁধার চেষ্টা করছেন। তাকে অপসারণ করে আইনের আওতায় আনাই একমাত্র সমাধান। তাই অনির্দিষ্টকালের ধর্মঘটে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

পরিষদের নেতারা জানান, আন্দোলন শুরুর পর পর্যন্ত বন্দরের বহিনোঙের কাজ চলছিল। তবে রোববার থেকে ঘোষিত ধর্মঘটের সঙ্গে বহিনোঙের কাজও বন্ধ থাকবে।